

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. পেশাব থেকে সতর্ক থাকা প্রসঙ্গে

باب الاستباراءِ مِنَ الْبَوْلِ

আরবী

حَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَهَنَّادُ بْنُ السَّرِيِّ، قَالَا حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا الأَعْمَشُ، قَالَ سَمِعْتُ مُجَاهِدًا يُحَدِّثُ، عَنْ طَاوُسٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: مَرَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَلَى قَبْرَيْنِ فَقَالً" إِنَّهُمَا يُعَذَّبَانِ وَمَا يُعَذَّبَانِ فِي كَبِيرٍ! أَمَّا هَذَا فَكَانَ لَا يَسْتَنْزِهُ مِنَ الْبَوْلِ، عَلَى قَبْرَيْنِ فَقَالً" إِنَّهُمَا يُعَذَّبَانِ وَمَا يُعَدَّبَانِ فِي كَبِيرٍ! أَمَّا هَذَا فَكَانَ لَا يَسْتَنْزِهُ مِنَ الْبَوْلِ، وَأُمَّا هَذَا فَكَانَ يَمْشِي بِالنَّمِيمَةِ". ثُمَّ دَعَا بِعَسِيبٍ رَطْبٍ فَشَقَّهُ بِاثْنَيْنِ، ثُمَّ غَرَسَ عَلَى هَذَا وَاحِدًا، وَقَالَ "لَعَلَّهُ يُخَفَّفُ عَنْهُمَا مَا لَمْ يَيْبَسَا . قَالَ هَنَّادُ " يَسْتَتِرُ " . مَكَانَ " يَسْتَتِرُ " .

صحيح: ق

বাংলা

২০। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'টি কবরের পাশ দিয়ে অতিক্রমকালে বললেন, এ দু'জনকে শাস্তি দেয়া হচ্ছে। কিন্তু কোন বড় গুনাহের কারণে শাস্তি দেয়া হচ্ছে না। তিনি (একটি ক্ররের দিকে ইশারা করে) বললেন, এই ব্যক্তি পেশাবের ব্যাপারে সতর্কতা অবলম্বন করত না। আর (অপর কবরের দিকে ইশারা) করে বললেন, এই ব্যক্তি চোগলখোরী করে বেড়াত। অতঃপর তিনি খেজুরের একটি তাজা ডাল আনিয়ে সেটি দু' টুকরা করে একটি এ কবরে এবং অপরটি ঐ কবরে গাড়লেন এবং বললেনঃ আশা করা যায়, ডাল দু'টি শুকিয়ে যাওয়া পর্যন্ত তাদের শাস্তি কিছুটা হালকা করা হবে। হান্নাদ پُسْتَتُ শব্দের স্থলে پُسْتَتُ শব্দ উল্লেখ করেছেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Narrated Ibn 'Abbas:



The Prophet (sal Allaahu alayhi wa sallam) passed by two graves. He said : Both (the dead) are being punished, but they are not being punished for a major (sin). One did not safeguard himself from urine. The other carried tales. He then called for a fresh twig and split it into two parts and planted one part on each grave and said: Perhaps their punishment may be mitigated as long as the twigs remain fresh.

Another version of Hannad has: "One of them did not cover himself while urinating." This version does not have the words: "He did not safeguard himself from urine."

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, অনুঃ পেশাব থেকে সতর্ক না থাকা কাবীরাহ গুনাহ, হাঃ ২১৮), মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব অপবিত্র হওয়ার দলীল)।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । কবরের আযাব সত্য। এর উপর ঈমান আনা ওয়াজিব।
- ২। চোগলখুরী হারাম এবং তা কবরের আযাহ হওয়ার অন্যতম বড কারণ।
- ৩। প্রস্রাব অপবিত্র।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন